# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৬

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ২১. নাবী (ﷺ) এর তরবারীর বাট সম্পর্কে

بَاب فِي قَبِيعَةِ سَيْفِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ قَالَ كَانَ قَبِيعَةُ سَيْفِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فِضَّةٍ قَالَ عَبْد اللَّهِ هِشَامٌ الدَّسْتَوَائِيُّ خَالَفَهُ قَالَ قَتَادَةُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي الْحَسَنِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَزَعَمَ النَّاسُ أَنَّهُ هُوَ الْمَحْفُوظُ

## বাংলা

২৪৯৬. আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর তলওয়ারের বাটটি ছিল রৌপ্য খচিত।[1] আব্দুল্লাহ বলেন, হিশাম দুস্তাওয়ী তার বিপরীত কথা বলেছেন। তিনি বলেন, কাতাদাহ সাঈদ ইবনু আবীল হাসান হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। আর লোকদের ধারণা, এটিই মাহফূজ বা সংরক্ষিত।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আবূ দাউদ, জিহাদ ২৫৮৩; মারাসীল ২৮৫; তাহাবী, মুশকিলিল আছার ২/১৬৬; তিরমিযী, জিহাদ ১৬৯১; শামাইল ১০০; নাসাঈ, কুবরা নং ৯৮১৩; বাইহাকী, যাকাত ৪/১৪৩; আবী শাইখ, আখলাকুন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম r পৃ: ১৪০।

এ হাদীসের অনেক গুলি শাহিদ রয়েছে যা একে শক্তিশালী করে। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82779

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন